

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 1.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০
- (ক) মুকুন্দরাম চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্য অন্য কোন্ নামে
অধিক পরিচিত ?
- (খ) “আজি হইতে হইলে তুমি লঙ্কার রাবণ।”
এখানে কাকে ‘লঙ্কার রাবণ’ বলা হয়েছে ?
- (গ) “শয়ন কুৎসিত বীরের ভোজন _____।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (ঘ) কালকেতু কোন্ বনে পশু শিকার করত ?
- (ঙ) কালকেতু কোন্ বণিকের কাছে ‘অঙ্গুরি’ ভাঙাতে
গিয়েছিল ?
- (চ) ভারতচন্দ্র কী উপাধি লাভ করেছিলেন ?

- (ছ) দ্বিতীয় কাশী নির্মাণ করে ব্যাসদেব তার নাম কী রাখতে চেয়েছিলেন ?
- (জ) “অলক্ষণা-সুলক্ষণা যে হই সে হই ।
মোর আসিবার পূর্বকালি খন কই ॥”
বক্তা কে ?
- (ঝ) যে পাটুনী দেবীকে নদী পার করে দিয়েছিল তার নাম কি ?
- (ঞ) “একের কপালে রহে আরের কপাল দহে
আগুনের কপালে আগুন ।”
এই অংশটি ‘অন্নদামঙ্গল’ কাব্যের কোন পর্বের অন্তর্গত ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- (ক) “আছিলাম একাকিনী বসিয়া কাননে ।
আনিয়াছে তোর স্বামী বাধি নিজ গুণে ॥”
বক্তা কে ? ‘তোর স্বামী’ বলতে কার স্বামীকে নির্দেশ করা হয়েছে ?
- (খ) কালকেতু কোথায় নতুন রাজ্য স্থাপন করেছিল এবং কোন রাজার সঙ্গে যুদ্ধে লিপ্ত হয়েছিল ?
- (গ) ‘অন্নদামঙ্গল’-এ দেবী কার গৃহ ত্যাগ করে কার গৃহাভিমুখে যাত্রা করেছিলেন ?
- (ঘ) “মাতঙ্গ পড়িলে দরে পতঙ্গ প্রহার করে ।”
কে, কাকে উদ্দেশ্য করে এই উক্তি করেছিলেন ?
- (ঙ) ভাঁড়ুদত্তের পিতা ও পিতামহের নাম কি ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) : $৫ \times ২ = ১০$

- (ক) কালকেতুর পশু শিকারের একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও ।
- (খ) ‘ফুল্লরার বারমাস্যা’ অংশের বক্তব্য ও তাৎপর্য বিশ্লেষণ করো ।
- (গ) ব্যাখ্যা করো :
বিষম উদরের স্থালা মহাবীরে লাগে ।
এক চক্ষুে নিদ্রা যায় আর চক্ষুে জাগে ॥

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) : $৫ \times ২ = ১০$

- (ক) ‘অন্নদামঙ্গল’ কাব্যের অন্তর্গত ‘বসুন্ধরার জন্ম’ অংশের ঘটনাবলি ব্যক্ত করো ।
- (খ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ‘অন্নদার আত্মপরিচয়’ অংশের কাব্য-বৈশিষ্ট্য আলোচনা করো ।
- (গ) তোমার পাঠ্য অংশ অবলম্বনে শিবের দক্ষযজ্ঞ নাশের একটি বিবরণ দাও ।

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) : $১০ \times ২ = ২০$

- (ক) ‘পশুগণের ক্রন্দন’ ও ‘চণ্ডীর নিকটে পশুগণের দুঃখ’ অংশ দুটিতে নিপীড়িতের মর্মবেদনা প্রকাশে কবি যে কৃতিত্বের পরিচয় দিয়েছেন তার পরিচয় দাও ।
- (খ) ‘ফুল্লরা’ চরিত্রটি বিশ্লেষণ করো ।

- (গ) “মুকুন্দরাম চক্রবর্তীর কাব্যে সাহিত্য সমালোচকেরা উপন্যাসের লক্ষণ খুঁজে পেয়েছেন।” সমালোচকের এ উক্তির সার্থকতা বিচার করো।
- (ঘ) মুকুন্দরাম চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের কাব্যগুণ বিশ্লেষণ করো।
- ৬। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) : $10 \times 2 = 20$
- (ক) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ব্যাসদেব চরিত্রটির বিশেষত্ব বর্ণনা করো।
- (খ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে সমাজজীবনের যে ছবি ফুটে উঠেছে, উদাহরণসহ তার বর্ণনা দাও।
- (গ) “কেউ বলেন ভারতচন্দ্র আদিসের কবি, কেউ বলেন তিনি হাস্যরসের কবি।” এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।
- (ঘ) যুগসন্ধির কাব্য হিসেবে ভারতচন্দ্রের ‘অন্নদামঙ্গল’ কাব্যের একটি পর্যালোচনা প্রস্তুত করো।
